


চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

সদস্য (এএন্ডপি)/চবক এর দপ্তরাদেশনামা নং-৪২/২০১৩

তারিখ, চট্টগ্রাম : ২২/১২/২০১৩

- ১। চবক এর দাপ্তরিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে ও প্রশাসনিক কাজের সুবিধার্থে নিম্নোক্ত আদেশ জারী করা হলো :
- ক) চবক এর কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ, জ্যেষ্ঠতা, লিয়েন এবং কমন ক্যাটাগরীর পদের ক্ষেত্রে বদলী ও প্রেরণ ইত্যাদি ক্ষেত্রে প্রশাসন বিভাগের মাধ্যমে নথি প্রক্রিয়াজাত করতে হবে।
- খ) নতুন পদ সৃষ্টি, বিদ্যমান সাংগঠনিক কাঠামো পরিবর্তন, নিয়োগ বিধি প্রণয়ন/পরিবর্তন, বেতন স্কেল অনুমোদন ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগের কোন প্রস্তাব থাকলে তা পরীক্ষা নিরীক্ষার জন্য প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে। প্রশাসন বিভাগ পরীক্ষা নিরীক্ষা ও যাচাই-বাছাই করে তা যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে।
- গ) প্রকল্প সমাপ্তিতে নিয়মানুযায়ী প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদেরকে তাদের নিয়োগপত্রের শর্তানুযায়ী চাকুরী থেকে অব্যাহতি প্রদান করতে হবে। ভবিষ্যৎ অডিট আপত্তিসহ অন্যান্য জটিলতা এড়ানোর লক্ষ্যে সমাপ্ত প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারীকে রাজস্ব খাতভুক্ত কোন পদের বিপরীতে সাময়িকভাবে বা অন্য কোন উপায়ে বহাল করা যাবে না।
- ঘ) প্রশাসন বিভাগের মাধ্যমে জারীকৃত কোন দপ্তরাদেশ পরিবর্তন/পরিবর্তন/বাতিল করতে হলে তা পুনরায় প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।
- ঙ) চলতি/অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ তাদের মূল পদের জ্যেষ্ঠতা বিবেচনায় রেখে পদবী লেখার ক্ষেত্রে চলতি/অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত পদের সাথে প্রথম বন্ধনীর মধ্যে " অতিরিক্ত দায়িত্ব/চলতি দায়িত্ব" (যেখানে যা প্রযোজ্য) লিখতে হবে।
- চ) সরকারী নিয়মানুযায়ী বিভিন্ন বিভাগ থেকে ট্রেনিং/সেমিনার/পরিদর্শন/ওয়ার্কশপ/প্রি-শিপমেন্ট ইনস্পেকশন/ ফ্যাক্টরী ভিজিট ইত্যাদি ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ গমনের প্রস্তাব প্রশাসন বিভাগের মাধ্যমে প্রক্রিয়াজাত করতে হবে। এ বিষয়ে ইতোপূর্বে জারীকৃত সদস্য (এএন্ডপি) এর বিজ্ঞপ্তি নং ০২/২০০৮ তারিখ ১৪-১২-২০০৮ অনুসরণ করতে হবে।
- ২। উল্লেখিত বিষয়াদির কোন ব্যত্যয় ঘটলে প্রস্তাব পেশ করা হলে এবং পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট বিভাগ এর Dealing কর্মকর্তা/কর্মচারীদের বহন করতে হবে।
- ৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমাদনক্রমে ইহা জারী করা হলো।



সদস্য (এএন্ডপি)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
তারিখঃ ২২/১২/২০১৩

নথিঃ পরি(প্রঃ)/সং/বিবিধ/২৭৩৭/

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

- ১। সদস্য (অর্থ), চবক।
- ২। সদস্য (হাঃওমেঃ), চবক।
- ৩। সদস্য (প্রকৌঃ), চবক।
- ৪। সকল বিভাগীয় প্রধান/শাখা প্রধান, চবক।
- ৫। সকল প্রকল্প পরিচালক, চবক।
- ৬। চীফ পারসোনেল অফিসার, চবক।
- ৭। ম্যানেজার ট্রেনিং, চবক।
- ৮। এসপিও (ইআর ও আইআর), চবক।
- ৯। পারসোনেল অফিসার (নিঃ),
- ১০। পারসোনেল অফিসার (আইআর), চবক।
- ১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।


সদস্য (এএন্ডপি)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ